"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Website: www.dwa.gov.bd.com

স্মারক নং: ৩১.০১.০০০০.০১২.২২.০৫১.১৮-৩৫০ তারিখঃ০৭/০৩/২০১৯

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মাতৃত্বকাল ভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির একত্রীকরণে অনুমোদিত নির্দেশিকা বাস্তবায়ন প্রসংগে।

সূত্র ৩২.০০.০০০০.০২৮.৪৬.০২৩.১৮-৯২, তারিখ: ১৮/০২/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মাতৃত্বকাল ভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচি একত্রীকরণে Child Benefit Programme এর রুপান্তরিত করার বিষয়ে NSSS এর নির্দেশনার আলোকে পাইলট আকারে ৮টি বিভাগের ৮টি উপজেলায় WFP এর সহযোগিতায় উন্নত সংস্করণ চালু করার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মায়েদের ভাতা কর্মসূচির উন্নত সংস্করণ বাস্তবায়ন নির্দেশিকা অনুমোদিত হয়েছে। বাস্তবায়ন নির্দেশিকার আলোকে উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি, রিসোর্স পুল ও ইউনিয়ন উন্নয়ন কর্মী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ভাতাভোগী নির্বাচনের জন্য WFP, নির্বাচিত এনজিও ও উপজেলা কমিটির সহযোগিতায় প্রচার প্রচারণা পূর্বপ্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য এই পাইলট প্রকল্পের অধিনে প্রতি মাসে ভাতাভোগী নির্বাচন ও ভাতা দেওয়া হবে। এ জন্য সকল ভাতাভোগীর নিজস্ব পছন্দের Online digital ব্যাংক মোবাইল(বিকাশ, রকেট, সিওর ক্যাশ) ও এজেন্ট ব্যাংক হিসাব এবং ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকে লিপিবদ্ধ ইংরেজী নাম ও MIS এর ইংরেজী নাম এক ও অভিন্ন হতে হবে এবং মোবাইল হিসাবের ক্ষেত্রে নিজস্ব মোবাইল/নিজস্ব সিম, NID অবশ্যই থাকতে হবে।

এমতাবস্থায় ৮টি বিভাগের ৮টি উপজেলায় মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মায়েদের ভাতা কর্মসূচির উন্নত সংস্করণ বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবায়ন নির্দেশিকা এতদসংগে সংযুক্ত করে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: অনুমোদিত নির্দেশিকা ৯(নয়) পাতা।

০৭/০৩/২০১৯


এ.জে.এম রেজাউল আলম
কর্মসূচি পরিচালক
মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন-৪৮৩২১০৩২


**সদয় কার্যার্থে অনুলিপি:**

১। উপপরিচালক,
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:**

১। জেলা প্রশাসক , নেত্রকোনা/রাজশাহি/বান্দরবান/ বাগেরহাট/বরিশাল/রংপুর/সিলেট।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। উপজেলা নির্বাহী অফিসার,
৪। এমআইএস স্পেশালিস্ট, WFP,
৫। Senior Programme Officer, WFP
৬। Policy Programme Officer, WFP
৭। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৮। WFP এর নির্বচিত এনজিও,......................
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১০। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

## মাতৃত্বকালীন ও কর্মজীবী ল্যাকটেটিং মায়েদের ভাতা কর্মসূচির উন্নত সংস্করণ বাস্তবায়নে সমন্বিত নির্দেশিকা:

১.০ পটভূমি: গত দুই দশকে শিশুর অপুষ্টি কমিয়ে আনার ক্ষেত্রে বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। তারপরে ও বিদ্যমান অপুষ্টি ও খর্বাকায় শিশুর সংখ্যা হ্রাস আন্তর্জাতিক মানদন্ডে সন্তোষজনক নয়। সরকার এ বিষয়ে জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচির (এনএসএসএস) কৌশল নির্ধারণ করেছে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে শিশু সহায়তা কর্মসূচি প্রণয়নের নির্দেশনা দিয়েছে। নির্দেশনা অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র গর্ভবতী মায়েদের জন্য মাতৃত্বকালীন ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মায়েদের ভাতা কর্মসূচির সাফল্যের ধারাবাহিকতায় মা ও শিশুর পুষ্টির চাহিদাকে প্রাধান্য দিয়ে পাইলট কর্মসূচি হিসেবে দেশের আটটি বিভাগের আটটি উপজেলার সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় কমর্সূচির উন্নত সংস্করণ বাস্তবায়নে সমন্বিত এই নির্দেশিকা প্রনয়ন করেছে। পাইলট কর্মসূচির ফলাফল ও শিখন মন্ত্রণালয়কে সামাজিক নিরাপত্তা কর্মসূচির কৌশল অনুযায়ী শিশু সহায়তা কর্মসূচি প্রণয়নে সহায়তা করবে।

২.০ **কর্মসূচির সার্বিক উদ্দেশ্য :** কর্মসূচিটি দরিদ্র গর্ভধারিণী মা, কম আয়ের কর্মজীবী মার গর্ভকালীন যত্ন থেকে শুরু করে শিশুর জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিনের স্বাস্থ্য ও পুষ্টি চাহিদা পূরণের উদ্দেশ্যে পরিকল্পনা করা হয়েছে।

### ২.১ কর্মসূচির সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি নির্দেশকের উন্নয়ন (টিকা, রুগ্নতা, খাদ্য তালিকায় বৈচিত্র, ক্যালরি গ্রহণ ইত্যাদি)
- বয়সের তুলনায় কম উচ্চতার শিশু বা খর্বাকায় শিশুর সংখ্যা হ্রাস
- কম ওজনের শিশু জন্ম সংখ্যা হ্রাস

### ২.২ কর্মসূচির কৌশলগত উদ্দেশ্য :

ক. জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এর জীবনচক্র কাঠামোর নির্দেশিত ০ থেকে ৪ বছর বয়সী জনগোষ্ঠির সামাজিক নিরাপত্তার লক্ষ্য বাস্তবায়ন।
খ. রুপকল্প ২০২১ অনুযায়ী ক্ষুধা ও দারিদ্র মুক্ত বাংলাদেশের লক্ষ্য অর্জন
গ. টেকসই উন্নয়নের অভিষ্ট অনুযায়ী পুষ্টির লক্ষ্যমাত্রা অর্জন
ঘ. জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনার বাস্তবায়ন
ঙ. মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি
চ. গর্ভাবস্থায় উন্নত পুষ্টি উপাদান গ্রহণ বৃদ্ধি
ছ. প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসবোত্তর সেবা বৃদ্ধি
জ. শিশুর জন্মনিবন্ধন, প্রাক-শৈশব যত্ন ও সেবা সচেতনতা
ঝ. শিশুর পুষ্টি বিষয়ক শিক্ষা, প্রচার ও প্রশিক্ষণ
ঞ. অটিজম বিষয়ে সচেতনতা
ট. পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতা

### ৩.০ কর্মসূচির উন্নত সংস্করণ এর বিশেষত্ব :

কর্মসূচিটি সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির অংশ যেখানে গ্রাম ও শহরের দরিদ্র, কম আয়ের কর্মজীবী ও দুর্দশাগ্রস্থ গর্ভধারিণী মা ও সন্তান ০ থেকে ৩ বছর বয়স পর্যন্ত এই সহযোগিতা পাবে। গর্ভবতী মা আর্থিক বছরের যে কোন সময় এই কর্মসূচিতে অর্ন্তভূক্তি ও আর্থিক সহায়তার সুযোগ পাবে, শিশুর স্বাস্থ্য ও পুষ্টি সেবা বিষয়ক তথ্য পাবে যা শিশুর সম্মিলিত ও মনো-সামাজিক উন্নয়নে সহায়ক হবে।

## ৪.০ সুবিধাভোগী হওয়ার আবশ্যিক শর্ত:

ক. সুবিধাভোগী মায়ের বয়স অবশ্যই ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

খ. শুধুমাত্র প্রথম ও দ্বিতীয় সন্তান গর্ভধারণকারী মা সুবিধাভোগী হবেন। যদি প্রথম দুই সন্তান জন্মের দুই বছরের মধ্যে মারা যায় তাহলে তৃতীয়বার গর্ভধারণকারী মা এই সুবিধাভোগী হবেন।

গ. সুবিধাভোগীর জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক। জাতীয় পরিচয়পত্র ছাড়া কোন সুবিধাভোগী নিবন্ধিত হবেন না।

## ৪.১ সুবিধাভোগী হওয়ার যোগ্যতা:

ক. গ্রাম অঞ্চলে সুবিধাভোগীর পরিবারের মাসিক আয় ৮০০০ টাকা বা কম হতে হবে। শহর অঞ্চলে কর্মজীবী মায়েদের জন্য ৮০০০ থেকে ১০০০০ এবং বিজিএমইএ ও বিকেএমইএ এর নারী শ্রমিকদের জন্য ৮০০০ থেকে ১২০০০ টাকার উর্দ্ধে নয়।

খ. কম আয়ের পরিবার সমূহ বিশেষত গ্রামীন এলাকার জন্য দৈনিক দিন মজুর হিসাবে জীবিকা নির্বাহ করে রিকশা/অটো রিকশা/ভ্যান চালক, কৃষি শ্রমিক, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, জেলে এবং শহরের ক্ষেত্রে গার্মেন্টস কর্মী, গৃহকর্মে নিয়োযিত নারী অগ্রাধিকার পাবে ।

গ. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ১৫ শতক অথবা কম। এক্ষেত্রে, ভূমিহীন পরিবার অগ্রাধিকার পাবে।

ঘ. অটিজম সহ সকল শারীরিক ও মানসিক প্রতিবন্ধী মায়েরা অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন।

ঙ. তাছাড়া স্বামী নিঁখোজ ও সদ্য বিধবা এই কর্মসূচিতে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন।

## ৪.২ অগ্রাধিকার শর্তাবলী (গ্রামীন এলাকার জন্য):

সুবিধাভোগী পরিবারের দারিদ্রের দৃশ্যমানতা ও যাচাইযোগ্য অবস্থার আলোকে অর্ন্তভুক্তি বিবেচনা করা হবে। নিম্নের যে কোন একটি শর্ত পূরন করলেই তালিকায় অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন

- খানা প্রধানের পেশা (রিকশা বা ভ্যান চালনা, দিন মজুর, কৃষি শ্রমিক, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, জেলে)
- খানার নিজস্ব পায়খানা না থাকা
- খানায় বিদ্যুতের সংযোগ না থাকা (যদি ঐ গ্রামে বিদ্যুৎ থাকে)
- খানার নিজস্ব টিউবওয়েল না থাকা
- খানায় বৈদ্যুতিক পাখা না থাকা
- খানার দেয়াল পাট খড়ি, বাঁশের তৈরী হলে

**৪.৩ অগ্রাধিকার শর্তাবলী (শহর এলাকার জন্য):** শহরের ক্ষেত্রে গার্মেন্টস কর্মী, গৃহকর্মে নিয়োজিত নারীগণ অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন। নিম্নের যে কোন একটি শর্ত পূরণ করলেই তালিকায় অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন।

- খানার নিজস্ব রান্নাঘড় না থাকা
- খানায় বিদ্যুতের সংযোগ না থাকা (যদি ঐ এলাকায় বিদ্যুৎ থাকে)
- খানায় বৈদ্যুতিক পাখা না থাকা
- খানায় টেলিভিশন না থাকা
- খানার দেয়াল পাট খড়ি, বাঁশের তৈরী হলে

৫.০ <u>সুবিধাভোগী নির্বাচন ও অর্থ প্রেরণ প্রক্রিয়া:</u>

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুবিধাভোগীদের মাসিক ভিত্তিতে অর্ন্তভুক্ত করার জন্য ইউনিয়ন নারী উন্নয়ন কর্মী, স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে কমিউনিটি পর্যায়ে মিটিং করে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করবেন। প্রচারণার জন্য স্থানীয়ভাবে ব্যাপক জনপ্রিয় মাধ্যম যেমন জারি, সারি, পটগান, নাটক ইত্যাদির আয়োজন করবেন, মায়েদের সাথে উঠান বৈঠক আয়োজন এবং পোস্টার ও লিফলেট বিতরণ এর ব্যবস্থা করবেন। প্রচারণার কাজে সহযোগী এনজিও সমূহ সহযোগিতা করবেন।
- সুবিধাভোগীরা কমিউনিটি ক্লিনিক/পরিবার পরিকল্পনা কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কেন্দ্র অথবা স্বাস্থ্যকর্মী, স্বাস্থ্য সহযোগী এর মাধ্যমে গর্ভধারণ (Anti Natal Card) নিশ্চিত করবে। তারপর তারা ইউনিয়ন পরিষদের তথ্য সেবা কেন্দ্র হতে অনলাইনে নাম অর্ন্তভুক্ত করবেন।
- গ্রামীন এলাকার সুবিধাভোগী তার জাতীয় পরিচয় পত্র, মোবাইল নম্বর এবং কোন ব্যাংক অথবা আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে আর্থিক সহায়তা গ্রহণ করতে চান তার তথ্য সহ ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে, পৌর এলাকার জন্য পৌরসভা তথ্য সেবা কেন্দ্রে এসে আবেদন করবেন এবং বিজেএমইএ এবং বিকেএমইএ এর শ্রমিকগণ তাদের কারখানার মাধ্যমে আবেদন করবেন।
- প্রতিমাসের ২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদন হতে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কমিটি সংশ্লিষ্ট মহিলা সদস্য ও স্বাস্থ্য কর্মীর মাধ্যমে আবেদন যাচাই বাছাই করে প্রাথমিক অনুমোদনের তালিকাটি ২৫ তারিখের মধ্যে অনলাইনে তাদের সুপারিশ উপস্থাপন করবেন।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রাথমিক তালিকাটি সংশ্লিষ্ট ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মীর সহায়তায় সুবিধাভোগী নির্বাচনের শর্ত অনুযায়ী প্রাথমিক পর্যায়ে তালিকা যাচাই করবেন।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা যাচাইয়ের পরে তালিকাটি উপজেলা কমিটির কাছে ৩০ তারিখের মধ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।
- কারখানার মাধ্যমে প্রাপ্ত আবেদন সমূহ বিজেএমইএ এবং বিকেএমইএ যাচাই করে মহিলা বিষয়ক অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য অনলাইনে পেশ করবে এবং মহিলা বিষয়ক অধিদপ্তর প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে তালিকা চূড়ান্ত করবেন।
- পৌর এলাকার জন্য ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রতিমাসে চূড়ান্ত তালিকা ৩০ তারিখে মধ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটি বরাবর উপস্থাপন করবেন।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা চূড়ান্ত অনুমোদিত তালিকা অনুযায়ী ডাটা বেইজ প্রস্তুত করবেন এবং পে-রোল তৈরি করবেন।
- অধিদপ্তর পে-রোল তালিকা অনুযায়ী গর্ভবতী মায়েদের পছন্দনীয় মাধ্যমে (ব্যাংক, মোবাইল,এজেন্ট ব্যাংকিং ও পোস্ট অফিসের মাধ্যমে) সহায়তার অর্থ সরাসরি হস্তান্তর করার জন্য ডিডিও (মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবেন এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা G2P প্রক্রিয়া অনুসরন করে BEFTN এর জন্য বাংলাদেশ ব্যাংকে পাঠাবেন।
- বাংলাদেশ ব্যাংক বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে সহায়তার অর্থ পরবর্তি মাসের ১ম সপ্তাহের মধ্যে সুবিধাভোগীর একাউন্টে পৌছাবে। অর্থ প্রেরনের তথ্য ভাতাভোগীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে পাঠানো হবে।

৬.০ বিশেষ অবস্থায় কর্মসূচিতে অর্ন্তভুক্তি ও বাদ পড়ার শর্তসমূহ:

একবার এই কর্মসূচির আওতায় নিবন্ধিত হওয়ার পর শিশুর তিন বছর বয়স পর্যন্ত (তবে সরকার নির্ধারিত পরিপত্র অনুযায়ী ভাতার সময়কাল সংযোজন করা যাবে) এই সুবিধা পেতে থাকবে। অপরদিকে নতুন গর্ভধারণ করেছেন এমন মায়েরা প্রতিমাসে এই সুবিধার আওতায় নিবন্ধিত হবেন। নিবন্ধিত মায়ের অসময়ে গর্ভপাত হলেও তিনি স্বাস্থ্য ঝুঁকি কাটিয়ে উঠার জন্য ছয় মাস পর্যন্ত এই কর্মসূচির সুবিধা পাবেন। তবে স্বেচ্ছায় গর্ভপাত করালে এই কর্মসূচি থেকে সুবিধাভোগী বাদ পড়বে। শিশুর বয়স ছয় মাস হওয়ার পর কোন কারণে শিশু মারা গেলে সুবিধাভোগী এই কর্মসূচি থেকে বাদ যাবে। যদি সুবিধাভোগী মা মারা যান সেক্ষেত্রে শিশুর বৈধ লালন-পালনকারী এই সুবিধাভোগী হবেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা কমিটির অনুমোদনক্রমে সুবিধাভোগীদের বাদ পড়া বিষয়ে সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭.০ কর্মসূচি এলাকা:

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় অধীনস্থ মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে আলোচ্য কর্মসূচিটি তৃণমূল পর্যায়ে বাস্তবায়ন করা হবে। দেশের আটটি বিভাগের আটটি উপজেলার সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় কর্মসূচিটির উন্নত সংস্করণ বাস্তবায়িত হবে। সিলেট বিভাগের গোয়াইনঘাট উপজেলা, খুলনা বিভাগের বাগেরহাট জেলার চিতলমারী উপজেলা, রাজশাহী বিভাগের গোদাগাড়ি উপজেলা, রংপুর বিভাগের গঞ্জাচড়া উপজেলা, চট্টগ্রাম বিভাগের বান্দরবান জেলার থানচি উপজেলা, ময়মনসিংহ বিভাগের নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলা,বরিশাল বিভাগের মেহেন্দিগঞ্জ উপজেলা এবং ঢাকা বিভাগের বিজিএমইএ এবং বিকেএমইএ এর আওতাধীন নির্দিষ্ট কারখানা। সফলতার ভিত্তিতে পরবর্তীতে সমগ্র বাংলাদেশে এই ব্যবস্থা কার্যকরী হবে।

৮.০ বাস্তবায়ন কর্তৃপক্ষ:

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর নেতৃত্বে মা ও শিশুর স্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় এর সাথে সমন্বয় সাধন করে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে আলোচ্য কার্যক্রমটি তৃণমূল পর্যায়ে বাস্তবায়ন করা হবে।

৯.০ **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর সার্বিক কার্যপরিধি** :

- কর্মসূচির কৌশলগত পরিকল্পনা, বাস্তবায়ন নির্দেশনা, মনিটরিং ও মূল্যায়ন করবে
- কর্মসূচির বাজেট পরিকল্পনা এবং সম্ভাব্য আর্থিক সহায়তার ভবিষ্যত পরিকল্পনা করবে
- জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচির কৌশল অনুযায়ী সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের সাথে সমন্বয় করবে
- অডিট আপত্তি থাকলে অধিদপ্তরকে তা নিস্পত্তি করার নির্দেশনা দিবে

১০.০ **মহিলা বিষয়ক অধিদপ্তরের ভূমিকা** :

- সংশ্লিষ্ট এম আই এস ইউনিট সুবিধাভোগীর তথ্য Social Protection Budget Management Unit এর উপযোগী করে সংরক্ষণ করবে
- সুবিধাভোগীর তথ্যের জিম্মাদার হওয়া, মাঠ পর্যায়ের কর্মীদের সহায়তায় তথ্য হাল নাগাদ করা
- মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে সুবিধাভোগীর অর্থ গ্রহণের যথাযথ পছন্দনীয় উপায় সম্পর্কে সচেতন করা
- জাতীয় পরিচয় পত্র ও অর্থ প্রদানের প্রক্রিয়া সম্পর্কিত সঠিক তথ্য সংরক্ষণ করা
- মাঠ পর্যায়ে নিয়মিত কর্মসূচি মনিটরিং ও রিপোর্ট প্রস্তুত করা
- অর্থ প্রদানের প্রতি চক্রে আয়ন ও ব্যয়ন অফিসার এর প্রস্তুতকৃত বিল অনুযায়ী পে-রোল তৈরি করা

- আয়ন ও ব্যয়ন অফিসার প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা বরাবর iBAS ++ অনুযায়ী পেশ করা
- প্রধান হিসাব রক্ষণ অফিসের সাথে ব্যয়ের সামঞ্জস্য বিধানের জন্য দ্রুত পদক্ষেপ নেবে

**১১.০ জাতীয় স্টিয়ারিং কমিটি :**

কার্যক্রম বাস্তবায়নে নীতি নির্ধারণ ও দিক নির্দেশনা প্রদানের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিদ্যমান স্টিয়ারিং কমিটি পাইলট কর্মসূচির সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণ করবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক উক্ত কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

**১১.১ মা ও শিশু সহায়তা কর্মসূচির জাতীয় স্টিয়ারিং কমিটি :**

| | |
|---|---|
| ১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের | সভাপতি |
| ২. প্রতিনিধি, অর্থ বিভাগ | সদস্য |
| ৩. প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৬. প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৭. প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৮. কর্মসূচি পরিচালক | সদস্য |
| ৯. প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি | অবজারভার |
| ১০. প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ | সদস্য |
| ১১. প্রতিনিধি, আইএমইডি | সদস্য |
| ১২. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য সচিব |

**১১.২ মা ও শিশু সহায়তা কর্মসূচির জাতীয় স্টিয়ারিং কমিটির কার্যপরিধি:**

- শিশু সহায়তা কর্মসূচির নীতিমালা পর্যালোচনা করা এবং বাস্তবায়ন কাঠামো চূড়ান্ত করা
- সুবিধাভোগী নির্বাচন করার জন্য প্রয়োজনীয় গাইডলাইন চূড়ান্ত করা
- কর্মসূচি সংস্কার সম্পর্কে মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে প্রাপ্ত কোন প্রস্তাবনা যাচাই ও ব্যবস্থা গ্রহণ করা
- শিশু সহায়তা কর্মসূচির সাথে অন্যান্য কর্মসূচি যেমন স্বাস্থ্য ভাউচার স্কিম, সামাজিক পুষ্টি ইত্যাদি কর্মসূচির সাথে সমন্বয় সাধনের কৌশল নির্ধারণ করা
- কর্মসূচির পরিকল্পনা, বাজেট এবং মূল্যায়ন করা
- স্থানীয় ও বৈদেশিক উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ ও আর্থিক সহায়তার সংস্থান করা
- কমিটি বছরে অন্তত দুটি সভা করবে

**১২.০ মা ও শিশু সহায়তা কর্মসূচির বাস্তবায়ন ও কর্ম দক্ষতা মূল্যায়ন কমিটি :**

| | |
|---|---|
| ১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সভাপতি |
| ২. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় (সংশ্লিষ্ট উপ সচিব) | সদস্য |
| ৪. পরিচালক/প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৫. পরিচালক/প্রতিনিধি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় | সদস্য |
| ৬. পরিচালক/প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৭. যুগ্ম/উপ প্রধান, সমাজ সেবা ও যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |

| | |
|---|---|
| ৮. পরিচালক/প্রতিনিধি আই এম ই ডি | সদস্য |
| ৯. প্রোগ্রাম অফিসার (কর্মসূচি সম্পর্কিত), মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১০. প্রতিনিধি, বিজেএমইএ | সদস্য |
| ১১. প্রতিনিধি, বিকেএমইএ | সদস্য |
| ১২. প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি | অবজারভার |
| ১৩. কর্মসূচি পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য সচিব |

**১২.১ মা ও শিশু সহায়তা কর্মসূচির বাস্তবায়ন ও কর্ম দক্ষতা মূল্যায়ন কমিটির কার্যপরিধি :**

১. এ কমিটি জেলা ও উপজেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সার্বিক সমন্বয় (মনিটরিং ও ইভাল্যুয়েশন সহ) সাধন করবেন
২. ভাতাভোগী বাছাই করার জন্য প্রস্তুতিমূলক নির্দেশনা প্রদান করবেন
৩. ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) জন্য কর্মপরিকল্পনা অনুমোদন করবেন
৪. কর্মসূচির কাজ মনিটরিং করবেন
৫. জাতীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক নির্দেশিত কার্যক্রম বাস্তবায়ন ও ফলোআপ করবেন
৬. কমিটি বছরে কমপক্ষে তিনটি সভা করবেন

**১৩.০ জেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি :**

| | |
|---|---|
| ১. জেলা প্রশাসক | সভাপতি |
| ২. সিভিল সার্জন | সদস্য |
| ৩. জেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| ৪. সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৫. প্রতিনিধি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র | সদস্য |
| ৬. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৭. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা | সদস্য |
| ৮. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯. ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) প্রতিনিধি | সদস্য |
| ১০. দু'জন উপকারভোগী- জেলা প্রশাসক কর্তৃক মনোনিত | সদস্য |
| ১১. প্রোগ্রাম অফিসার, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | সদস্য |
| ১২. জেলা পুষ্টি কর্মকর্তা | সদস্য |
| ১৩. প্রতিনিধি বিজিএমইএ/বিকেএমইএ | সদস্য |
| ১৪. ব্যাংক/আর্থিক সেবা প্রতিষ্ঠানের প্রতিনিধি(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব |

**১৩.১ জেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটির কার্যপরিধি :**

১. জেলা ও উপজেলা পর্যায়ে কর্মসূচি মনিটরিং ও বাস্তবায়ন
২. মনোনীত ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) কার্যক্রম মনিটরিং করা
৩. কার্যক্রম বাস্তবায়নের সমস্যা সমাধান করা
৪. সুনির্দিষ্ট ফরমেট অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তরে মনিটরিং রিপোর্ট করা
৫. বছরে কমপক্ষে তিনটি সভা করবেন।
৬. সদর উপজেলার ক্ষেত্রে জেলার প্রোগ্রাম অফিসার এবং উপজেলার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এই কর্মসূচির আয়ন ও ব্যয়ন অফিসার এর দায়িত্ব পালন করবেন

**১৪.০ উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপদেষ্টা |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৪. | প্রতিনিধি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র | সদস্য |
| ৫. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক সেবা প্রতিষ্ঠানের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | সংশ্লিষ্ট ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker)প্রতিনিধি | সদস্য |
| ১০. | দু'জন উপকারভোগী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব |

**১৪.১ উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটির কার্যপরিধি :**

১. ইউনিয়ন পর্যায়ে সুবিধাভোগী হিসেবে নির্দেশনা অনুযায়ী নতুনভাবে গর্ভবতী মা প্রতিমাসে নিয়মিত অন্তর্ভুক্ত করা

২. মাসিক সভা করে ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) কার্যক্রম মনিটরিং ও মূল্যায়ন করা

৩. মাসিক মিটিং এর রিপোর্ট উপস্থাপন করা

৪. জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক ত্রৈমাসিক সভার আলোচ্যসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করা

৫. কর্মসূচি সম্পর্কে প্রাপ্ত অভিযোগ সমূহ নিষ্পত্তি করা

**১৫.০ ইউনিয়ন মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সভাপতি |
| ২. | ইউনিয়ন পরিষদ সদস্যগণ | সদস্য |
| ৩. | ইউনিয়ন সমাজকর্মী, সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৪. | ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মী | সদস্য |
| ৫. | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি (উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) | সদস্য |
| ৭. | দু'জন উপকারভোগী- ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক মনোনিত | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক সেবা প্রতিষ্ঠানের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | ইউনিয়ন পরিষদ সচিব | সদস্য সচিব |

**১৫.১ ইউনিয়ন মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটির কার্যপরিধি :**

১. ইউনিয়ন পরিষদের মহিলা সদস্যগণ গর্ভবতী মায়েদের অনলাইনে অন্তর্ভুক্তির জন্য উৎসাহ দিবেন

২. ইউনিয়ন শিশু সহায়তা কমিটি ইউনিয়ন ব্যাপি সংশ্লিষ্ট সকল অংশীজনকে মা ও শিশু সহায়তা কর্মসূচি, সুবিধাভোগীর ধরণ, প্রাপ্র্য সুবিধা, প্রক্রিয়া সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন এবং পূর্ব নির্ধারিত দিনে সভা করে সকলকে অবহিত করবে

৩. গর্ভধারণ বিষয়টির নিশ্চয়তার জন্য যথোপযুক্ত কর্তৃপক্ষ (কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা) থেকে বিনামূল্যে সত্যায়নের জন্য ব্যবস্থা গ্রহণ করবে

৪. প্রতিমাসে নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট সময়ে অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাছাই করে মতামত প্রদান করবে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রেরণ করবে

৫. কমিটি সুবিধাভোগী নির্বাচন বিষয়ক প্রাথমিক পর্যায়ের অভিযোগ এর নিষ্পত্তি করবে। কিন্তু কোন ব্যত্যয় ঘটলে সে অভিযোগ উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে

**১৬.০ <u>পৌরসভা/সিটি কর্পোরেশন মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি</u> :**

| | | |
|---|---|---|
| ১. | পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র | সভাপতি |
| ২. | মহিলা কাউন্সিলরগণ | সদস্য |
| ৩. | পৌরসভা/সিটি কর্পোরেশন সমাজকর্মী, সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৪. | পৌরসভা/সিটি কর্পোরেশন পরিবার পরিকল্পনা সেবা কর্মকর্তা | সদস্য |
| ৫. | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের প্রতিনিধি | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট পৌরসভা মহিলা উন্নয়ন কর্মী (Pouroshova Women Development Worker) | সদস্য |
| ৭. | দুজন উপকারভোগী- পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক মনোনিত | সদস্য |
| ৮. | পৌরসভা/সিটি কর্পোরেশন সচিব | সদস্য সচিব |

**১৬.১ <u>পৌরসভা/সিটি কর্পোরেশন মা ও শিশু সহায়তা কমিটির কার্যপরিধি</u> :**

১. পৌরসভা/সিটি কর্পোরেশন সদস্যগণ গর্ভবতী মায়েদের অনলাইনে অন্তর্ভুক্তির জন্য উৎসাহ দিবেন

২. পৌরসভা/সিটি কর্পোরেশন মা ও শিশু সহায়তা কমিটি পৌরসভা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট সকল অংশীজনকে মা ও শিশু সহায়তা কর্মসূচি, সুবিধাভোগীর ধরণ, প্রাপ্য সুবিধা, প্রক্রিয়া সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন এবং পূর্ব নির্ধারিত দিনে সভা করে সকলকে অবহিত করবে

৩. গর্ভধারণ বিষয়টির নিশ্চয়তার জন্য যথোপযুক্ত কর্তৃপক্ষ (কমিউনিটি ক্লিনিক, পৌর ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা) থেকে বিনামূল্যে সত্যায়নের জন্য ব্যবস্থা গ্রহণ করবে

৪. প্রতিমাসে নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট সময়ে অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাছাই করে মতামত প্রদান করবে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রেরণ করবে

৫. কমিটি সুবিধাভোগী নির্বাচন বিষয়ক প্রাথমিক পর্যায়ের অভিযোগ এর নিষ্পত্তি করবে। কিন্তু কোন ব্যত্যয় ঘটলে সে অভিযোগ উপজেলা কমিটির নিকট প্রেরণ করবে

**১৭.০ <u>মা ও শিশু সহায়তা কার্যক্রমের প্রশিক্ষণের জন্য উপজেলা পর্যায়ে রিসোর্স পুল গঠন</u> :**

উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা পর্যায়ে নিম্নরূপ রিসোর্স পুল গঠন করবেন:

১. উপজেলা নির্বাহী অফিসার
২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৪. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা
৫. উপজেলা সমবায় কর্মকর্তা
৬. উপজেলা কৃষি কর্মকর্তা
৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা
৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৯. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা

**১৭.১ <u>উপজেলা রিসোর্স পুল এর কার্যক্রম:</u>**

- প্রশিক্ষণ প্রদানের জন্য TOT এ অংশগ্রহণ করা
- ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা

**১৮.০ মা ও শিশু সহায়তা কার্যক্রমের প্রশিক্ষণের জন্য ইউনিয়ন পর্যায়ে রিসোর্স পুল গঠন :**
উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নিম্নরূপ ইউনিয়ন রিসোর্স পুল গঠন করবেন :

- ইউনিয়ন সমাজসেবা কর্মী
- ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মী
- ইউনিয়ন যুব উন্নয়ন কর্মী
- ইউনিয়ন উপসহকারী কৃষি কর্মকর্তা
- ইউনিয়ন স্বাস্থ্য সহকারী
- ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker)
- Community Health Care Provider (CHCP)
- স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান

**১৮.১ ইউনিয়ন পর্যায়ে রিসোর্স পুল এর কার্যক্রম :**

- TOT প্রশিক্ষণে অংশগ্রহণ
- সুবিধাভোগীদের প্রশিক্ষণ প্রদান
- উঠান বৈঠক এর মাধ্যমে সেশন পরিচালনা
- সুবিধাভোগীদের বাড়ি পরিদর্শন ও ফলো আপ ভিজিট
- সুবিধাভোগীর তথ্য সংগ্রহ করা ও প্রয়োজনীয় তথ্য প্রদান

**১৯.০ ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী** : ইউনিয়ন পর্যায়ে কর্মসূচি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অন্যান্য কাযক্রম এর গতি ত্বরান্বিত করার লক্ষ্যে পরীক্ষামূলকভাবে প্রতিটি ইউনিয়নে একজন ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী (Union Women Development Worker) থাকবেন। বিশ্ব খাদ্য কর্মসূচি সহযোগী সংস্থার মাধ্যমে ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মীর নিয়োগ ও ব্যবস্থাপনা করবেন। ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মীর মূল দায়িত্ব হবে কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করা এবং সুবিধাভোগীর সাথে পুষ্টি ও স্বাস্থ্য সেবার সংযোগ তৈরি করে দেয়া। ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পরামর্শক্রমে দায়িত্ব পালন করবেন।

**২০.০ কর্মসূচির পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ** : কর্মসূচির অধীনে রিসোর্স পুল সুবিধাভোগী অন্তর্ভুক্তির পর পুষ্টি বিষয়ক সেশন এর আয়োজন করবে। গর্ভবতী মা, তাঁর স্বামী ও পরিবারের সদস্যগণ এই সেশনগুলোতে অংশগ্রহণ করবে। এই সেশনগুলো সুবিধাভোগীদের বাড়ির উঠান, নিকটস্থ কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে অথবা অন্য কোন সুবিধাজনক স্থানে অনুষ্ঠিত হবে। কমিউনিটি স্বাস্থ্যকর্মী, স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীসহ রিসোর্স পুলের সদস্যগণ সেশনগুলো পরিচালনা করবেন। গার্মেন্টস কর্তৃপক্ষ (বিজেএমইএ ও বিকেএমইএ) তাদের কর্মীদের জন্য নিজেদের রিসোর্স ব্যবহার করে প্রস্তাবিত প্রশিক্ষণ আয়োজন করবেন। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর এর অনুমোদিত মডিউল এর মাধ্যমে এই সেশনগগুলো পরিচালিত হবে ।

**২১.০ কর্মসূচির বাস্তবায়নে এনজিও সমুহের ভূমিকা:** পাইলট কর্মসূচিটি আটটি উপজেলায় বাস্তবায়নে বিশ্বখাদ্য কর্মসূচি কর্তৃক মনোনিত সংশ্লিষ্ট এনজিও সমূহ মহিলা বিষয়ক অধিদপ্তর এর জন্য সহায়কের ভূমিকা পালন করবে। সুবিধাভোগীর নিয়মিত অন্তর্ভুক্তি, অনলাইনে নিবন্ধন, কর্মসূচির উদ্দেশ্য ও পুষ্টি বিষয়ক ব্যাপক প্রচারণা, রিসোস পুল গঠন, প্রশিক্ষন আয়োজন, ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মীর নিয়োগ, ব্যবস্থাপনা ও সমন্বয়ে এনজিও সমূহ সহায়কের ভূমিকা পালন করবে।

**সমাপ্ত**